



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
www.orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

তারিখ: ২৩-১০-১৪২৯ ব.
০৬-০২-২০২৩ খ্রি.

স্মারক নং-৪৬.০৮.০০০০.১০১.২২.০০১.২১- ২২২

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে জন্ম তারিখ, সাল পরিবর্তনে আবেদন গ্রহণ, আপলোড করণ এবং অনুমোদনের
লক্ষ্যে প্রেরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন।

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৮ (সংশোধিত ২০১৩) অনুসরণে বাংলাদেশের নাগরিকদের দেশে বা বিদেশে অবস্থানরত জন্ম ও মৃত্যু নিবন্ধন করা হয়। এ আইন এবং এ আইনের অধীন প্রণীত বিধিতে শিশুর জন্মের পরপর এবং ব্যক্তির মৃত্যুর পরপর মৃত্যুর খবর রেজিস্ট্রারকে দেয়া ও নিবন্ধন করানোর তাগিদ রয়েছে। শিশুর ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদে লিখিত তারিখ তার প্রথম এবং আদি জন্ম তারিখ এবং এ তারিখের ভিত্তিতেই তার প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি, পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র তৈরি হয়ে থাকে। কিন্তু পর্যবেক্ষণে দেখা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রেই পাবলিক পরীক্ষায় রেজিস্ট্রেশন, জাতীয় পরিচয়পত্র তৈরি, পাসপোর্ট করার সময় জন্ম নিবন্ধন সনদে উল্লিখিত/রেজিস্ট্রারকৃত তারিখের পরিবর্তে অন্য একটি জন্ম তারিখ বসিয়ে পাবলিক পরীক্ষায় রেজিস্ট্রেশন, পাবলিক পরীক্ষার সনদ, জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্ট তৈরি করা হয়। পরবর্তীতে পাবলিক পরীক্ষার সনদ, জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের আদলে জন্ম সনদ বিশেষ করে জন্ম তারিখ সংশোধন করে দেয়ার জন্য পীড়াপীড়ি করা হয়। নিবন্ধক অফিস এসব আবেদন গ্রহণ করে থাকে, আপলোড করে এবং অনুমোদনের জন্য নিয়ন্ত্রণকারীর নিকট প্রেরণ করে। ইহা সমীচীন নয়। কোন নিবন্ধক অফিস জন্ম সনদের মূল জন্ম তারিখ পরিবর্তন করে পাবলিক পরীক্ষা, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট তৈরি করে জন্ম তারিখ বা জন্ম সাল পরিবর্তনের আবেদন যেন গ্রহণ না করা হয়, আপলোড না করা হয় এবং অনুমোদনের জন্য যেন প্রেরণ না করা হয় তার অনুরোধ করা হলো। এ ধরনের আবেদন মোটেও অনুমোদনযোগ্য নয়। ইহা তার অধিক্ষেত্রের সকল নিবন্ধন অফিসকে বিষয়টি জানিয়ে দেওয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

০৬/০২/২০২৬

মো: রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোন: ০২২২৩০৮৬৬০৬

ই-মেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা.....সিটি কর্পোরেশন (সকল)।
- ২। জেলা প্রশাসক.....(সকল)।
- ৩। চিফ এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড.....(সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড(সকল)।